
দৈনিক
ইত্তেফাক

তারিখ ..21 DEC 2016.....
পৃষ্ঠা ..১৫.... কলাম ....৬.....

# সৃজনশীল শিক্ষায় ভীতি কেন

শরীফ বিন ইব্রাহিম



আমাদের শিক্ষাব্যবস্থায় শিক্ষার্থী মূল্যায়নে সৃজনশীল প্রশ্ন প্রবর্তন করা হয়েছে। এই প্রশ্ন প্রবর্তনের ধারণা মূলত উন্নত বিশ্বের মুক্তপ্রশ্ন বা open Question-এর ধারণা থেকে নেওয়া হয়েছে— .যা যুগের চাহিদার সঙ্গে শিক্ষার্থী মূল্যায়নের আধুনিকতার পরিচায়ক। কিন্তু এই শিক্ষাপদ্ধতিকে কার্যকর করার জন্য প্রথমত দরকার শিক্ষকদের দক্ষ করে তোলা এবং আধুনিক প্রশিক্ষণ দেওয়া। বর্তমানে কি গ্রাম ও শহরে শিক্ষাপ্রতিষ্ঠানে প্রশিক্ষণপ্রাপ্ত পর্যাপ্ত শিক্ষক আছেন?

কিছু শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষকরা শ্রেণিকক্ষে পাঠ পরিচালনা করলেও যথোপযুক্ত সৃজনশীল প্রশ্ন প্রণয়নে দক্ষ নন। যার ফলে শিক্ষার্থীরা শ্রেণিকক্ষে গতানুগতিক ধারায় পাঠ গ্রহণ করে এবং পরীক্ষার হলে সৃজনশীল প্রশ্নের উত্তর দিতে ভুল করে। শুধু কি গাইড বই এবং কোচিং দিয়ে সৃজনশীল মেধা তৈরি করা সম্ভব?

সৃজনশীল বা কাঠামোবদ্ধ প্রশ্নের চারটি অংশ—জ্ঞানমূলক, অনুধাবনমূলক, প্রয়োগমূলক ও উচ্চতর দক্ষতামূলক। শিক্ষার্থীরা শুধু পাঠ্যবই পড়ে জ্ঞানমূলক প্রশ্নের উত্তর দিতে পারে, আর বাকি তিনটি ক্ষেত্রে প্রয়োজন হয় চিন্তাশক্তি ও সৃজনী মেধার। ঠিকভাবে সৃজনশীল প্রশ্ন না বুঝে পরীক্ষা দিয়ে যাচ্ছে বলে মানসম্পন্ন শিক্ষার্থী গড়ে উঠতে ব্যর্থ হচ্ছে। ভালো ফলাফল আর সুদক্ষ জ্ঞানী তৈরি করা এক নয়।

যদিও বর্তমান সময়ে শিক্ষকদের প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। যদিও তা কতটুকু ফলপ্রসূ তা দেখার বিষয়। আমাদের পাঠ্যপুস্তক যদি হয় গতানুগতিক ধারায় আর প্রশ্নপত্র হয় সৃজনশীল ধারায় তাহলে তা কতটুকু কার্যকর হবে? সৃজনশীল শিক্ষাব্যবস্থাকে আকর্ষণীয় করে তোলার জন্য প্রত্যেক শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষা উপকরণ ও আধুনিক প্রযুক্তির ব্যবহার থাকা আবশ্যক।

শুধু প্রশিক্ষণপ্রাপ্ত দক্ষ শিক্ষক দ্বারা এই পদ্ধতির অগ্রগতি সম্ভব হবে না, যদি না সঠিক শিক্ষা উপকরণ থাকে। শিক্ষকদের থাকতে হবে শিক্ষণ পদ্ধতির জ্ঞান, পরিমাপ ও মূল্যায়নের জ্ঞান, প্রশ্ন প্রণয়ন এবং সৃজনী মেধা। যদি শিক্ষকদের পাঠ পরিচালনায় সৃজন মেধার ত্রুটি থাকে তাহলে শিক্ষার্থীদের মধ্যে সৃজনশীল শিক্ষায় ভীতি থাকবে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়